

চুয়েটের স্নাতক ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ ঘোষণা

চুয়েট সংবাদদাতা

২৭ নভেম্বর,
২০২৪ ২৩:২৯

শেয়ার

অ +

অ -



২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্যে স্নাতক ১ম বর্ষে ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ ঘোষণা করেছে চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট)। জানা যায়, প্রকৌশল গুচ্ছ থেকে সরে এসে চলতি শিক্ষাবর্ষে একক ভর্তি পরীক্ষা নেবে বিশ্ববিদ্যালয়টি। আগামী ২৪ অথবা ২৫ জানুয়ারি অনুষ্ঠিত হবে উক্ত ভর্তি পরীক্ষাটি।

বুধবার (২৭ নভেম্বর) বিকালে বিশ্ববিদ্যালয় সিডিকেট সভাকক্ষে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের স্নাতক ভর্তি পরীক্ষা

উপলক্ষ্যে গঠিত ভর্তি কমিটির এক জরুরি সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

ইতিপূর্বে করোনা পরবর্তী সময়ে ২০২০-২০২১ শিক্ষাবর্ষ থেকে দেশের তিন প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের স্নাতক ১ম বর্ষের ভর্তি পরীক্ষা কেন্দ্রীয়ভাবে অনুষ্ঠিত হয়। প্রকৌশল গুচ্ছে অংশ নেওয়া বিশ্ববিদ্যালয় তিনটি হলো- চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট), খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট), রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট)। তবে এবার থেকে আবারো এককভাবে ভর্তি পরীক্ষা নেবে বিশ্ববিদ্যালয়গুলো।

উল্লেখ্য, ভর্তি পরীক্ষা সম্পর্কে যাবতীয় তথ্যাদি দ্রুততম সময়ে প্রকাশ করা হবে বলে জানিয়েছে চুয়েট প্রশাসন।